দৈনিক সংবাদ

20 NOV 1991

তারিখ 20 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৬

51

ছাত্রদল–ছাত্রলীগ সংঘর্ষ

# গুরুদয়াল কলেজ বন্ধ ঘোষণা

কিশোরগঞ্জ, ১৯শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।–ছাত্রদল ও ছাত্রলীগের (আ–অ) মধ্যে সৃষ্ট উত্তেজনা, ধাওয়া-পাল্টা ধাওয়া, গোলাগুলি ও বোমাবাজির জের হিসেবে আজ থেকে গুরুদয়াল সরকারী কলেজ বন্ধ করে দেয়া হয়েছে।

স্থানীয় ছাত্রলীগ কর্মী পিটারের ওপর ছাত্রদল কর্মীদের হামলার প্রতিবাদে আজ বেলা ১১টায় কলেজ চত্বরে ছাত্রলীগ এক প্রতিবাদ সভার আয়োজন করে। সভা চলাকালে একদল ছাত্রের উস্কানিমূলক আচরণে

গুরুদয়ালঃ পৃঃ ৮ কঃ ৩

## গুরুদয়ালঃ কলেজে সংঘর্ষ

(১ম পাতার পর)

গোটা কলেজে ছাত্রদের মধ্যে চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে। এক পর্যায়ে ক্যাম্পাসে ৭টি হাতবোমা বিস্ফোরিত হয় এবং কমপক্ষে ১৫ রাউন্ড ফাঁকা গুলি ছোড়া হয়। এ সময় সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ করতে গিয়ে কলেজ ছাত্র সংসদের সহ-সভাপতি আবু ইসা মোহাম্মদ ওয়ালিউল্লাহ রব্বানীসহ ১০ জন ছাত্রনেতা আহত হয়।

ক্যাম্পাসে পুলিশ মোতায়েনের ফলে পরিস্থিতি আয়ত্তে আসলেও সারা শহরে এখনো উত্তেজনা বিরাজ করছে।